অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

পাবলিক চার্জ বিধি আটকে দেয়ার ফেডারেল আদালতের সিদ্ধান্তের বিষয়ে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর বিবৃতি

"পাবলিক চার্জ বিধি আটকে দেয়ার ফেডারেল আদালতের সিদ্ধান্ত আমাদের দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ বিজয় এবং এটি একটি পরিষ্কার বার্তা প্রেরণ করে যে আমরা ট্রাম্প প্রশাসন কর্তৃক আরোপিত আমাদের দেশ ছিন্ন ভিন্ন করে ফেলার এই সকল ঘৃণ্য নীতিকে বরদাস্ত করবো না।

বৈষম্যমূলক এই নিয়মটি স্পষ্টতই নিম্ন আয়ের অশেতাঙ্গ অভিবাসীদের লক্ষ্য করে করা হয়েছিল এবং আমাদের দেশে প্রবেশ করতে না দিয়ে দরিদ্র হবার কারণে তাদের শাস্তি দেয়া হচ্ছিল। আমরা একটি অভিবাসী জাতি, এবং পরিবারের উন্নত জীবনের সন্ধানে যারা আমাদের দেশে আসতে ইচ্ছুক তাদের ফিরিয়ে দেয়া আমেরিকান হিসেবে আমাদের মূল্যবোধের পরিপন্থী। নিউ ইয়র্কে, আমরা আমাদের অভিবাসী কমিউনিটির উপরে করা এই প্রশাসনের আক্রমণের বিরুদ্ধে অব্যহতভাবে লড়াই করবো, এবং প্রত্যেকের জন্য ভরসা এবং গ্রহণযোগ্যতার বাতিঘর হয়ে থাকবো।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন